

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন শাখা-১

উন্নয়নের গণ তন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৭০.০০৭.০০.০০.০৪২.২০১১-১৫৭

তারিখঃ ৩০ জানুয়ারি ২০১৮

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্থানীয় সরকার বিভাগ  
৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে স্থানীয় সরকার বিভাগের অধীন ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাদান " উত্তরা মডেল টাউনের ১, ৩-১৪ নং সেক্টরের রাস্তা, ড্রেন ও ফুটপাথের উন্নয়ন নির্মাণ " শীর্ষক প্রকল্পের অনুকূলে জিওবি খাতে বরাদ্দকৃত অর্থের ১ম ও ২য় কিস্তি অর্থ প্রদানের প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১০ জানুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখের ৪৬.০৭০.০০৭.০০.০০.০৪২.২০১১-১৫৭/১(৮) নং আদেশে আদেশ অনুমোদিত বিভাজন অনুযায়ী অর্থ বিভাগের ২৯/০১/২০১৮ তারিখের ০৭.১১১.০১৪.০১.০৫.০২৬.২০১৬-৩৭ নং স্মারকে প্রদত্ত সম্মত বরাদ্দকৃত অর্থের ১ম ও ২য় কিস্তি অর্থ প্রদানের বরাদ্দ হইতে নিম্নরূপ অর্থ বরাদ্দের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করিতেছিঃ

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত পিসিপি অনুমোদিত/অনুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ (লক্ষ টাকায়)	মূলধন খাতের অর্থ (লক্ষ টাকায়)	মোট অর্থ (লক্ষ টাকায়)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কোড নং-৫-৩৭-৩৭০৫-৫০৭২-XXXX	উত্তরা মডেল টাউনের ১, ৩-১৪ নং সেক্টরের রাস্তা, ড্রেন ও ফুটপাথের উন্নয়ন নির্মাণ কোড নং-৫-৩৭-৩৭০৫-৫০৭২-XXXX	অনুমোদিত	১ম ও ২য় কিস্তি	০০.০০	১০০.০০	১০০.০০


১। এই অর্থ খরচে নিম্নোক্ত শর্ত প্রতিপালন করতে হবেঃ

- (১) পরবর্তী অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের পূর্বে ডিএসএল এর কিস্তি পরিশোধ করতে হবে অন্যথায় অর্থ ছাড় করা হবে না।
- (২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিসিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে।
- (৩) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- (৪) অনুমোদিত ডিপিপি প্রকল্পিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না।
- (৫) প্রকল্পটির অনুকূলে ছাড়কৃত অর্থ অনুমোদিত প্রকল্পের অনুমোদিত অঙ্গের সংস্থান অনুযায়ী ব্যয় করতে হবে।
- (৬) নিজস্ব তহবিলের অংশ যথাযথভাবে ছাড়ের ব্যবস্থা করতে হবে এবং অর্থ বিভাগকে অবহিত করতে হবে।
- (৭) ডাবল কেবিন পিকআপ ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে।
- (৮) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ শে জুন ২০১৮ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

২। এই ব্যয় বর্তমান অর্থ বছরের (২০১৭-২০১৮) বার্ষিক উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত নং-৫-৩৭-৩৭০৫-৫০৭২-XXXX প্রকল্পের অর্থ প্রদান করা হইবে।

৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (তবে ঐক্য মূল্য সংযোজন কর এবং পুনর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অর্থের ১ম ও ২য় কিস্তি অর্থ প্রদানের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইলে পরবর্তী কিস্তির অর্থ প্রাপ্তির প্রস্তাবের সহিত প্রয়োজনীয় সকল ছকসহ ব্যাংক বিবরণী অবশ্যই প্রেরণ করিতে হইবে।

৫। বিধি-বিধান অনুসরণ পূর্বক মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন।


  
মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
তারিখঃ ৩০ জানুয়ারি ২০১৮

স্মারক নং-৪৬.০৭০.০০৭.০০.০০.০৪২.২০১১-১৫৭/১(৮)

তারিখঃ ৩০ জানুয়ারি ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ-সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১)।
- (২) সদস্য, জ্যেষ্ঠ অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- (৩) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- (৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৫) প্রকল্প পরিচালক, " উত্তরা মডেল টাউনের ১, ৩-১৪ নং সেক্টরের রাস্তা, ড্রেন ও ফুটপাথের উন্নয়ন নির্মাণ " শীর্ষক প্রকল্প, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৬) উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- (৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৮) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

  
মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
তারিখঃ ৩০ জানুয়ারি ২০১৮